



বাংলাদেশ জাতীয়তাবাদী দল

কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপট্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৯৩৬১০৬৪ ফ্যাক্সঃ ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয়ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২। ফোনঃ ৯৮৮৩৪৬২ ফ্যাক্সঃ ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখঃ ৩১ অক্টোবর ২০২৪

প্রেসবিজ্ঞপ্তি

ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র উদ্যোগে

১০ দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে

আজ ৩১ অক্টোবর ২০২৪, বৃহস্পতিবার দুপুর ১২ টায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর সভাপতিত্বে দলের নয়াপট্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে এক ঘোষসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান। সভায় দলের সিনিয়র যুগ্ম মহাসচিব, যুগ্ম মহাসচিববৃন্দ, সাংগঠনিক ও সহ-সাংগঠনিক সম্পাদকবৃন্দ, ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি'র আহবায়ক ও সদস্য সচিব, ঢাকা মহানগর উত্তর বিএনপি'র সাবেক আহবায়ক ও সদস্য সচিব, ঢাকা বিভাগের সকল মহানগর ও জেলা সমূহের সভাপতি/আহবায়ক, সাধারণ সম্পাদক/সদস্য সচিব এবং কেন্দ্রীয় অঙ্গ ও সহযোগী সংগঠনের সভাপতি/আহবায়ক ও সাধারণ সম্পাদক/সদস্য সচিবগণ উপস্থিত ছিলেন। সভার শুরুতে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার আঙ্গ সুষ্ঠুতা কামনা করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

- ১। ৭ নভেম্বর মহান জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে ঐ দিন সকাল ৬ টায় নয়াপট্টনস্থ বিএনপি কেন্দ্রীয় কার্যালয়সহ সারাদেশে দলীয় কার্যালয়গুলোতে দলীয় প্রতাক্তা উত্তোলন করা হবে।
- ২। দিবসটি উপলক্ষে বিএনপি'র উদ্যোগে ০৬ নভেম্বর ২০২৪, বুধবার দিবসটি বুদ্ধিজীবীদের সময়ে আলোচনা সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- ৩। দিবসটি উপলক্ষে ৭ নভেম্বর সকাল ১০ টায় দলের জাতীয় নেতৃবৃন্দসহ সকল পর্যায়ের নেতাকর্মী মহান স্বাধীনতার ঘোষক সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর মাজারে পুস্তকবক অর্পণ ও ফাতেহা পাঠ করবেন।
- ৪। দিবসটি উপলক্ষে ৮ নভেম্বর ২০২৪, শুক্রবার রাজধানীতে বর্ণার্য র্যালী অনুষ্ঠিত হবে।
- ৫। দিবসটি উপলক্ষে জেলাগুলোতেও র্যালী অনুষ্ঠিত হবে।
- ৬। এছাড়াও দিবসটি উপলক্ষে দলের অঙ্গ ও সহযোগী সংগঠন স্ব স্ব উদ্যোগে আলোচনা সভা ও অন্যান্য কর্মসূচি পালন করবে।
- ৭। ঐতিহাসিক ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা-জাসাস এর উদ্যোগে সন্ধ্যা ৬-৩০ টায় জাতীয় শহীদ মিনারে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এবং জাসাস এর উদ্যোগে বিভাগীয় শহরগুলোতেও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।
- ৮। ৭ নভেম্বরের ডকুমেন্টেরি (ভিডিও, স্ট্রিচিত্র) ইলেক্ট্রনিক, প্রিন্ট মিডিয়াসহ ফেসবুক, ইউটিউব, অনলাইনে প্রকাশ করা হবে।
- ৯। ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে পোষ্টার ও ক্রোড়পত্র প্রকাশ করা হবে।
- ১০। অনুরূপভাবে দেশব্যাপী বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে স্থানীয় সুবিধানুযায়ী ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ওপর আলোচনা সভাসহ অন্যান্য কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালিত হবে।

(অ্যাডভোকেট রঞ্জল কবির রিজভী)

সিনিয়র যুগ্ম মহাসচিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।